NYC Public Schools
Chancellor Kamar H. Samuels

মার্চ 2026

প্রিয় শিক্ষার্থী, পরিবার, শিক্ষাবিদ, নেতৃবৃন্দ, এবং কমিউনিটির সদস্যবৃন্দ,

NYC পাবলিক স্কুলস্-এর (NYCPS) চ্যান্সেলর হিসেবে, দুই দশকেরও বেশি সময়ব্যাপী একজন শিক্ষাবিদ হিসেবে, এবং একজন NYCPS অভিভাবক হিসেবে, আমি বিশ্বাস করি যে আমাদের শিক্ষার্থীদের নিরাপদ এবং শিক্ষায়তনিকভাবে বলিষ্ঠ স্কুল প্রাপ্য। আজ, এর অর্থ হল কীভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, AI) দায়বদ্ধতার সাথে ব্যবহার করতে হয় তাও শেখা।

আমাদের  শৈশব শিক্ষার্থী, এলিমেন্টারি ও মিডল্ স্কুলের শিক্ষার্থীদের জন্য, এর অর্থ হলো বিশ্লেষণী চিন্তাভাবনা এবং ডিজিটাল সাক্ষরতার দক্ষতা গড়ে তোলা। আমাদের হাই স্কুল শিক্ষার্থীদের জন্য, এর অর্থ হলো এমন একটি বিশ্বের জন্য প্রস্তুত হওয়া যেখানে AI ইতোমধ্যেই বিভিন্ন পেশা এবং পুরো ইন্ডাস্ট্রির রূপ দিচ্ছে। বিভিন্ন বয়সের ক্ষেত্রে, এর অর্থ হলো AI নিরাপদভাবে ব্যবহার করা হচ্ছে, শিক্ষার্থীর শিক্ষা অর্জন বৃদ্ধি পেয়েছে, এবং শিক্ষাবিদদের সহায়তা দেয় - প্রতিস্থাপন নয় তা নিশ্চিত করতে শিক্ষার্থী, শিক্ষাবিদ, নেতৃবৃন্দ, এবং পরিবারদের সাথে অংশিদারিত্ব করছি। AI এসে গেছে, এবং আমাদের দায়িত্ব হলো পুরো সিস্টেম জুড়ে নিরাপত্তা ব্যবস্থা স্থাপন করা, স্বচ্ছতা ও দায়িত্বের পাশাপাশি বয়স উপযুক্ততার সাথে সেটি ব্যবহার করা।

এই কাজ এগিয়ে নিয়ে যেতে, আমাদের স্কুলগুলোতে AI কীভাবে ব্যবহার করা যেতে পারে সেবিষয়ে আমরা প্রাথমিক পথ-নির্দেশনা প্রকাশ করেছি। এই পথ-নির্দেশনার উদ্দেশ্য হলো আমাদের শিক্ষার্থীদের নিরাপদ রাখতে, শিক্ষাবিদদের সহায়তা দিতে, এবং পরিবারদের সজ্ঞাত রাখতে সুস্পষ্ট প্রত্যাশা ধার্য করা।

আমাদের এই কাজ চালিয়ে যাবার পথে অনুগ্রহ করে আপনার মতামত শেয়ার করুন—এটি গুরুত্বপূর্ণ। এই বসন্তে, আমরা এই পথ-নির্দেশনার উপর ভিত্তি করে একটি আরও বিশদ AI প্লেবুক তৈরি করবো, যা আপনার মত কমিউনিটির মতামত রূপায়িত হবে।

প্রাথমিক পথ-নির্দেশনা পর্যালোচনা করতে এবং একটি সংক্ষিপ্ত মতামত প্রদানের জরিপ পূরণ করতে অনুগ্রহ করে schools.nyc.gov/AI দেখুন। জরিপটি 8 মে, 2026 তারিখ পর্যন্ত 45 ক্যালেন্ডার দিবস পর্যন্ত খোলা থাকবে।

আমি জানি AI আমাদের সবার জন্য নতুন নতুন প্রশ্ন উত্থাপন করছে। আমাদের অগ্রসর হবার পথে, শিক্ষার্থীদের নিরাপত্তা ও শিক্ষাকে সবসময় কেন্দ্রে রেখে আমরা শোনা, প্রতিফলন করা, এবং সুচিন্তিত সামঞ্জস্য সাধন অব্যাহত রাখবো।

মতামত প্রদানের জরিপ সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে schools.nyc.gov/AI -এ লভ্য তথ্য পর্যালোচনা করুন। আমাদের শিক্ষার্থীদের নিরাপদে থাকতে, শিখতে, এবং বেড়ে উঠতে সহায়তা দিতে আমাদের সাথে অংশীদারিত্ব করার জন্য ধন্যবাদ।

অংশীদারিত্বে,

কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels)
চ্যান্সেলর